ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৯৪

মোহনপুর, ৭ আগস্ট, ২০২৫

**হেজামারায় রক্তদান শিবির**

গতকাল হেজামারাস্থিত সুরেন্দ্রনগর ইংলিশ মিডিয়াম উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সিবিএসি পরিচালিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় সফল এবং সর্বোচ্চ নম্বর পাওয়া ১০ জন ছাত্রছাত্রীকে সংবর্ধনা দেওয়া হয়। বিদ্যালয়ের এনএসএস ইউনিটের উদ্যোগে রক্তদান শিবিরে মোট ১৫ জন ছাত্রছাত্রী রক্তদান করেন। বাল্যবিবাহ রোধ ও ড্রাগের বিরুদ্ধে সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা, হেজামারা বিএসি'র ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন দেববর্মা, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, হেজামারা ব্লকের বিডিও মানস মুড়াসিং, বিদ্যালয়ের প্রিন্সিপাল শ্রাবন্তী দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে অতিথিরা ১০ জন ছাত্রছাত্রীদের হাতে মানপত্র তুলে দেন। অতিথিরা বৃক্ষরোপণ করেন বিদ্যালয়ের প্রাঙ্গণে।

******